গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১০১.১৬-১৬৬ তারিখঃ ০৬ চৈত্র ১৪২৫ / ২০ মার্চ ২০১৯

বিষয়ঃ কনটেম্পট পিটিশন নং-৪০/২০১৯ (রিট পিটিশন নং-৪৫০/২০১৬ হতে উদ্ভুত) মামলা সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতাকরণ সংক্রান্ত।

সূত্র: মহামান্য হাইকোর্ট বিভাগ হতে প্রাপ্ত কনটেম্পট পিটিশন নং-৪০/২০১৯ এর রুলনিশি ও আর্জির কপি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জামালপুর জেলার ইসলামপুর উপজেলাধীন ঢেঙ্গারগড় নুরুল হুদা আলিম মাদরাসা'র সহকারী শিক্ষিকা মোসা: ঝর্ণা আক্তার নিয়োগপ্রাপ্তির পর এমপিওভুক্ত হতে না পারায় এমপিওভুক্ত করার জন্য সংশ্লিষ্টদের প্রতি নির্দেশনা প্রদানের দাবীতে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-৪৫০/২০১৬ মামলা দায়ের করেন।

২। উক্ত রিট পিটিশন নং-৪৫০/২০১৬ মামলায় গত ১০/০৪/২০১৮ তারিখের রায়/নির্দেশনা নিম্নরূপ-

"Accordingly, the rule is disposed of, there will be no order as to cost. The respondents are hereby directed for enrollment of the petitioner to pay the Government Portion of Salary as an Assistant Teacher in dengarghor Nurul Huda Alim Madrasha situated within 2 (two) months and also further directed the respondents to dispose of the application dated 09/07/2013 filed by the petitioner within 2 (two) months from the date of receipt of a copy of this judgment positively.".

৩। মহামান্য আদালত কর্তৃক প্রদত্ত উক্ত আদেশ বাস্তবায়ন না হওয়ায় রিট পিটিশনার কর্তৃক মাননীয় হাইকোর্ট বিভাগে কনটেম্পট পিটিশন নং-৪০/২০১৯ দায়ের করা হয়।

৪। উক্ত মামলায় কেন বিবাদীগণের বিরুদ্ধে আদালত অবমাননার দায়ে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে না- সেমর্মে ১৭/০৩/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শাতে সরকার পক্ষের প্রতি নির্দেশ দেয়া হয়েছে।

৫। বর্ণিত মামলায় জনাব মো: আলগীর, সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং জনাব মো: সফিউদ্দিন আহমেদ, মহাপরিচালক, মাউশি অধিদপ্তরকে Contemnor- Respondent করা হয়েছে।

৬। উল্লেখ্য, বর্ণিত রিট মামলার আদেশের বিরুদ্ধে লীভ টু আপীল মামলা দায়ের করার জন্য আইন শাখা হতে ২৯/১১/১৮ তারিখে ৪৫০ নং স্মারকে, ২০/০১/১৯ তারিখে ৪৬ নং স্মারকে এবং ১১/৩/২০১৯ তারিখে ১৫৭ নং স্মারকমূলে ডিজি, ডিএমই বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

৭। আলোচ্য মামলার রায়ের বিরুদ্ধে আপীল দায়ের না হয়ে থাকলে জরুরিভিত্তিতে রায় স্থগিতসহ আপীল দায়ের করা আবশ্যক। মাদাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক আপিল দায়ের হয়েছে কিনা এ বিষয়ে কোন তথ্য টিএমইডি-তে নেই।

৮। এমতাবস্থায় নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করে আগামী ২৫/০৩/২০১৯ খ্রি: এর মধ্যে এ বিভাগ-কে অবহিত নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো-

(ক) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের নিজস্ব বিজ্ঞ কৌসুলী দ্বারা কনটেম্পট পিটিশন নং-৪০/২০১৯ (রিট পিটিশন নং-৪৫০/২০১৬ হতে উদ্ভুত) মামলাটি সরকার পক্ষে পরিচালনা নিশ্চিত করা;

(খ) কনটেম্পট পিটিশন নং-৪০/২০১৯ মামলার জবাব দাখিলের জন্য ওকালতনামা ও অথরাইজেশন লেটার সচিব মহোদয়ের সদয় স্বাক্ষরের নিমিত্ত (ডিএমই কর্তৃক) টিএমইডি-তে প্রেরণ নিশ্চিত করা;

(গ) কনটেম্পট রুলের জবাব আদালতে দাখিলের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;

(ঘ) বারবার অনুরোধ সত্ত্বেও আপিল দায়ের না হওয়ায় আপিল দায়ের না হওয়ার কারণ ব্যাখ্যাসহ আপিল দায়েরক্রমে এ সংক্রান্ত তথ্য টিএমইডি-তে প্রেরণ করা।

(মো: জাহাঙ্গীর হোসেন বেপারী)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৯৫৭৫২৭২

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩,
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:
১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৬। অফিস কপি/মাস্টার কপি।